সংযুক্তি-১১

# পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রহমানির রাহিম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
আসসালামু আলাইকুম,

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)-এর ১৪তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদ-এর পক্ষ হতে আপনাদের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও সাদর সম্ভাষণ। কোম্পানীর ২০২২-২০২৩ অর্থবছরের সার্বিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ এবং নিরীক্ষিত চূড়ান্ত হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১১ নভেম্বর ২০০৮ তারিখে জারিকৃত গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সরকার কর্তৃক পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীগুলোকে সুষমকরণপূর্বক গ্যাস শিল্পের বিকাশ এবং এ শিল্পের আওতাধীন বিভিন্ন গ্রাহকের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সাবেক বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড-কে পুনর্বিন্যাস করে "কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড" (কেজিডিসিএল) গঠন করা হয়। তদনুযায়ী কোম্পানি আইন-১৯৯৪ এর আওতায় ০৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখে চট্টগ্রামস্থ রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস-এ নিবন্ধনের মাধ্যমে পেট্রোবাংলার অধীনে "কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড" (কেজিডিসিএল) নামে কোম্পানি আত্মপ্রকাশ করে। জুলাই ২০১০ হতে কেজিডিসিএল এর রাজস্ব আদায় কার্যক্রম শুরু হয় এবং ০৮ সেপ্টেম্বর ২০১০ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এম.পি কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-এর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুভ উদ্বোধন করেন। আপনারা অবগত আছেন যে, ১৯৭৫ সালের ০৯ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বহুজাতিক শেল অয়েল কোম্পানির কাছ থেকে ০৫টি গ্যাসক্ষেত্র-তিতাস, বাখরাবাদ, হবিগঞ্জ, রশিদপুর ও কৈলাশটিলা মাত্র ৪.৫ মিলিয়ন পাউন্ড স্টার্লিং বা ১৭.৮৬ কোটি টাকায় ক্রয় করে রাষ্ট্রীয় মালিকানাভুক্ত করেন। যার ওপর ভিত্তি করেই দাঁড়িয়ে আছে বাংলাদেশের জ্বালানি খাত। কোম্পানির বিপণন ও রাজস্ব কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি সার্বিক বিষয়ে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করে জাতীয় অর্থনীতি ও বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশের আর্থ-সামাজিক অবস্থা সুদৃঢ় করতে কেজিডিসিএল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

আমি আনন্দের সাথে ঘোষণা করছি যে, কোম্পানি ২০২২-২০২৩ অর্থবছরে বিভিন্ন খাতে ৫,৩৪৩.২৮ কোটি টাকার গ্যাস বিক্রয় করে ৩৭৪.১০ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। অর্জিত মুনাফা হতে লভ্যাংশ বাবদ ১৯৮.৬৫ কোটি টাকা, আয়কর বাবদ ৪২৯.৩৭ কোটি টাকা, সরবরাহকারীর বিল হতে কর্তনকৃত আয়কর বাবদ ১৯১.৫৬ কোটি টাকা এবং ভ্যাট বাবদ ২.৮৯ কোটি টাকাসহ সর্বমোট ৮২২.৪৭ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ভবিষ্যতেও মুনাফা অর্জনের ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায়।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন ২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানির বিপণন, আর্থিক ও অপারেশনাল কর্মকাণ্ডর ওপর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি।

**বিপণন কার্যক্রম**

গ্রাহক সংযোগ
সরকারি নির্দেশনার আলোকে গৃহস্থালি ও বাণিজ্যিক খাতে নতুন/বর্ধিত গ্যাস সংযোগ বন্ধ রয়েছে। শিল্প ও ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে আলোচ্য অর্থবছরে ১০টি (শিল্প -০৮ এবং ক্যাপটিভ পাওয়ার-০২) নতুন গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে এবং বিভিন্ন শ্রেণিতে ৬৮৬টি (আবাসিক-৬২৮, শিল্প-১১, বাণিজ্যিক-৪৭) সংযোগ স্থায়ী বিচ্ছিন্ন করা হয়েছে। বর্তমানে কোম্পানিতে মোট গ্রাহক সংযোগ সংখ্যা ৬,০১,০২৮টি। কোম্পানিতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত বিভিন্ন শ্রেণিভুক্ত গ্রাহক সংযোগের বিবরণ নিচের সারণি-১ এ দেখানো হলো :

সারণি-১ : শুরু থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত গ্রাহক শ্রেণিভিত্তিক সংযোগ বিবরণী :

| গ্রাহক শ্রেণি | সংযোগ সংখ্যা |
|---|---|
| বিদ্যুৎ | ০৬ |
| সার | ০৪ |
| শিল্প | ১,১৬০ |
| ক্যাপটিভ পাওয়ার | ২০৫ |
| বাণিজ্যিক | ২,৮৩৭ |
| চা-বাগান | ০২ |
| সিএনজি | ৭০ |
| গৃহস্থালি | ৫,৯৬,৭৪৪ |
| মোট | ৬,০১,০২৮ |

**গ্যাস ক্রয়**

কোম্পানি ২০২২-২০২৩ অর্থবছরে ২,৮৭৪.০০ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৮৫৫.৬৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় করেছে। ২০২২-২০২৩ অর্থবছরে সরকারি মালিকানাধীন গ্যাস ক্ষেত্রসমূহ থেকে ৭.০৫ মিলিয়ন ঘনমিটার এবং ২,৮৪৮.৬০ মিলিয়ন ঘনমিটার এলএনজি ক্রয় করা হয়েছে। সরকারি ও এলএনজি থেকে গ্যাস ক্রয়ের অনুপাত যথাক্রমে ০.২৫ : ৯৯.৭৫।

**গ্যাস বিক্রয়**

কোম্পানি ২০২২-২০২৩ অর্থবছরে ২,৮৭৪.০০ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৭৮৫.০২ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয় করেছে। গ্যাস বিক্রয়ের মাধ্যমে ৫,৭৭০.২৫ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৫,৩৪৩.২৭ কোটি টাকা আয় করেছে। উক্ত অর্থবছরে ২,৮৫৫.৬৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয়ের বিপরীতে ২,৭৮৫.০২ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয়ের ফলে ২.৪৭% সিস্টেম লস হয়েছে। আলোচ্য অর্থবছরে গ্রাহক শ্রেণিভিত্তিক গ্যাস বিক্রয়ের পরিসংখ্যান **নিম্নের** সারণিতে প্রদর্শন করা হলো :

সারণি-২: ২০২২-২০২৩ ও ২০২১-২০২২ অর্থবছরে গ্রাহক শ্রেণিভিত্তিক গ্যাস বিক্রয়ের তুলনামূলক বিবরণী

| গ্রাহক শ্রেণি | ২০২২-২০২৩ | | | | ২০২১-২০২২ | | প্রবৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বিক্রয়ের লক্ষ্যমাত্রা | প্রকৃত বিক্রয় | | গ্রাহক শ্রেণিভিত্তিক গ্যাস ব্যবহারের শতাংশ হার (%) | প্রকৃত বিক্রয় | | কোটি টাকা | শতকরা হার (%) |
| | এমএমসিএম | এমএমসিএম | মূল্য (কোটি টাকা) | | এমএমসিএম | মূল্য (কোটি টাকা) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮=(৪-৭) | ৯ |
| বিদ্যুৎ | ৪৯৭.০০ | ৫২২.৪৭ | ৪৮৩.২৮ | ১৮.৭৬ | ৫২৩.২০ | ২৩২.৩৭ | ২৫০.৯১ | ১০৭.৯৮ |
| সার | ৬৭৩.০০ | ৫৯৫.৮৩ | ১,৩৬০.২২ | ২১.৩৯ | ৮১১.০৯ | ২,০২৪.৮২ | -৬৬৪.৬০ | -৩২.৮২ |
| শিল্প (বৃহৎ) | ৫১০.২৯ | ৪৯৮.৭১ | ৯৪২.৮৯ | ১৭.৯১ | ৫৪৩.২৬ | ৫৮০.৭৭ | ৩৬২.১২ | ৬২.৩৫ |
| শিল্প (মাঝারি) | - | - | - | - | - | - | - | - |
| শিল্প (ক্ষুদ্র ও কুটির) | - | - | - | - | - | - | - | - |
| ক্যাপটিভ পাওয়ার | ৫৮৯.৬৬ | ৫৭২.০৮ | ১,২০০.৩১ | ২০.৫৪ | ৫৩২.৬৯ | ৭৩২.৩২ | ৪৬৭.৯৯ | ৬৩.৯১ |
| বাণিজ্যিক: হোটেল এন্ড রেস্টুরেন্ট | ৩২.৮৬ | ৩১.১২ | ৮৮.৬৪ | ১.১২ | ৩১.৮৬ | ৭৪.৩৮ | ১৪.২৬ | ১৯.১৭ |
| চা-বাগান | ০.৯০ | ০.৫৭ | ০.৬৮ | ০.০২ | ০.৬৯ | ০.৭৪ | -০.০৬ | -৮.১১ |
| সি.এন.জি. ফিড গ্যাস | ১৫০.৩৮ | ১৪৮.৬১ | ৫২০.১৫ | ৫.৩৪ | ১৩৪.৪৭ | ৪৭০.৭৩ | ৪৯.৪২ | ১০.৫০ |
| গৃহস্থালি | ৪১৯.৯১ | ৪১৫.৬৩ | ৭৪৭.১০ | ১৪.৯২ | ৫১৮.৬০ | ৬৭৩.৯৫ | ৭৩.১৫ | ১০.৮৫ |
| মোট | ২,৮৭৪.০০ | ২,৭৮৫.০২ | ৫,৩৪৩.২৭ | ১০০ | ৩,০৯৫.৮৬ | ৪,৭৯০.০৮ | ৫৫৩.১৯ | ১১.৫৫ |

## ভিজিল্যান্স কার্যক্রম

### গ্যাস সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ কার্যক্রম

কেজিডিসিএল এর আওতাধীন এলাকায় অবৈধ গ্যাস সংযোগ, অবৈধ পাইপ লাইন নির্মাণ, অননুমোদিত সরঞ্জামে গ্যাস ব্যবহার ও গ্যাস কারচুপির তথ্য/অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তা যাচাইপূর্বক বিচ্ছিন্ন/উচ্ছেদ করা হয়। এছাড়া কোম্পানির ভিজিল্যান্স টীম কর্তৃক নিয়মিতভাবে বিভিন্ন শ্রেণির গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে গ্রাহক কর্তৃক গ্যাস ব্যবহারে কোন অনিয়ম পরিলক্ষিত হলে গ্যাস বিপণন নিয়মাবলী অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়। অবৈধ গ্যাস ব্যবহারকারী কর্তৃক গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রমে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হলে নির্বাহী ম্যাজিস্ট্রেট, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিগণের সহায়তায় গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণসহ নিয়ম অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

২০২২-২০২৩ অর্থবছরে কেজিডিসিএল কর্তৃক সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগের তথ্যাদি নিম্নোক্ত ছকে প্রদর্শন করা হলো :

| গ্রাহক শ্রেণি | সংযোগ বিচ্ছিন্ন সংখ্যা | | | পুনঃসংযোগ সংক্রান্ত তথ্য | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | বকেয়া/ অন্যান্য | অননুমোদিত/ অবৈধ কার্যক্রম | মোট | পুনঃসংযোগ সংখ্যা | পুনঃসংযোগ প্রদানকালে আদায়কৃত অর্থ (কোটি টাকায়) | | |
| | | | | | বকেয়া বিল | অনিবন্ধিত গ্যাস বিল/জরিমানা/অন্যান্য আদায় | মোট |
| শিল্প/ক্যাপটিভ | ১৯ | ০৩ | ২২ | ০৩ | ০.৫৫১ | ০.০২৯ | ০.৫৮০ |
| সিএনজি | - | - | - | ০১ | ০.৬১৩ | ০.০০৫ | ০.৬১৮ |
| বাণিজ্যিক | ৫২ | ১৬ | ৬৮ | ৩০ | ০.৬০০ | ০.৬৮১ | ১.২৮১ |
| আবাসিক | ১১৬৭ | ৭১ | ১২৩৮ | ১১৪৯ | ৫.৭৩৬ | ১.১৬৯ | ৬.৯০৫ |
| মোট | ১২৩৮ | ৯০ | ১৩২৮ | ১১৮৩ | ৭.৪৯৯ | ১.৮৮৪ | ৯.৩৮৩ |

## আর্থিক ও রাজস্ব কার্যক্রম

এ পর্যায়ে আমি কোম্পানির আর্থিক ও রাজস্ব কার্যক্রমের বিস্তারিত বিবরণ আপনাদের অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি।

### গ্যাস ক্রয় ও ক্রয় সংশ্লিষ্ট ব্যয়

| উৎপাদন/সরবরাহকারী কোম্পানি | ২০২২-২৩ | ২০২১-২২ |
|---|---|---|
| | মূল্য (কোটি টাকা) | মূল্য (কোটি টাকা) |
| এলএনজি চার্জ | ৩,৪৬৪.৩৫ | ১,৮৩৯.৩১ |
| এলএনজি'র ভ্যাট | ৫৮২.৯৮ | ৩৮৬.১৭ |
| আইওসি (ভ্যাটসহ) | ৫১৫.৬৯ | ৪৬০.৯৯ |
| বাপেক্স (ভ্যাটসহ) | ৩.৭৩ | ৩.৫০ |
| (ক) মোট গ্যাস ক্রয় | ৪,৫৬৬.৭৫ | ২,৬৮৯.৯৭ |

| অন্যান্য | ২০২২-২৩ | ২০২১-২২ |
|---|---|---|
| | মূল্য (কোটি টাকা) | মূল্য (কোটি টাকা) |
| জ্বালানি নিরাপত্তা তহবিল | ১২৬.৯১ | ১২৯.৫৬ |
| গ্যাস উন্নয়ন তহবিল | ১২৩.৫২ | ১১৭.৯৪ |
| ট্রান্সমিশন চার্জ | ১৩৬.১১ | ১৩০.৬৯ |
| পেট্রোবাংলা চার্জ | ৯.৩৫ | ১৫.৮৯ |
| আরপিজিসিএল-এলএনজি অপারেশনাল চার্জ | ১৪.২৪ | ১৫.২৬ |
| বিইআরসি গবেষণা তহবিল | ৮.৫৭ | ০.৭৯ |
| (খ) মোট অন্যান্য | ৪১৮.৭ | ৪১০.১৩ |
| (গ) সর্বমোট (ক+খ) | ৪,৯৮৫.৪৫ | ৩,১০০.১০ |

**নিট মুনাফা**

২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানির করপূর্ব মুনাফা হয়েছে ৩৭৪.১০ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে এর পরিমাণ ছিল ১৬৩৯.৫৯ কোটি টাকা অর্থাৎ আলোচ্য অর্থবছরে মুনাফা হ্রাস পেয়েছে ১২৬৫.৪৯ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৭৭.১৮% কম। মুনাফার হিসাব নিম্নোক্ত ছকে প্রদর্শন করা হলো :

মুনাফার হিসাব বিবরণী

| বিবরণ | | কোটি টাকা |
|---|---|---|
| **আয়** | গ্যাস বিক্রয় খাতে আয় (অন্যান্য অপারেশনাল আয়সহ) | ৫,৪৪৩.৬৩ |
| | অন্যান্য খাতে আয় | ৮৯.৭২ |
| | মোট আয় | ৫,৫৩৩.৩৫ |
| ব্যয় | গ্যাস ক্রয় সংশ্লিষ্ট ব্যয় | ৪,৯৮৫.৪৩ |
| | পরিচালন ও অন্যান্য ব্যয় | ১৫৪.১৩ |
| | মোট ব্যয় | ৫,১৩৯.৫৬ |
| **BPPF** পূর্ব মোট মুনাফা | | ৩৯৩.৭৯ |
| | BPPF | ১৯.৬৯ |
| করপূর্ব মুনাফা | | ৩৭৪.১০ |

**অ্যাকাউন্টস রিসিভেবল**

৩০-০৬-২০২৩ তারিখে প্রাপ্য বকেয়া গ্যাস বিলের পরিমাণ দাঁড়ায় ১৫৫৭.৯১ কোটি টাকা, যা ২.৮৬ মাসের বিলের সমতুল্য। গ্রাহক শ্রেণিভিত্তিক অ্যাকাউন্টস রিসিভেবল বিবরণ নিচে সারণি-৫ এ দেখানো হলো :

**সারণি-৫ : ৩০-০৬-২০২৩ তারিখে অ্যাকাউন্টস রিসিভেবল বিবরণী (হিসাব; কোটি টাকায়)**

| ক্রঃ নং | গ্রাহক শ্রেণি | ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে অ্যাকাউন্টস রিসিভেবল (কোটি টাকায়) | মাসিক গড় বিক্রয় (তিন মাসের বিক্রয় এর ভিত্তিতে) (কোটি টাকায়) | সমপরিমাণ বকেয়া মাস/যত মাসের সমতুল্য বকেয়া |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ = (৩/৪) |
| ১ | **বিদ্যুৎ** | | | |
| | সরকারি | ৪৩৭.৮৫ | ৮৩.৯৫ | ৫.২২ |
| | বেসরকারি | ২৫.২৭ | ১১.৫০ | ২.২০ |
| ২ | **ক্যাপটিভ পাওয়ার** | | | |
| | সরকারি | ১৯.৯৯ | ৩.৭৮ | ৫.২৯ |
| | বেসরকারি | ২৫১.৩৮ | ১২৭.৭১ | ১.৯৭ |
| ৩ | **সার** | | | |
| | সরকারি (CUFL, TSP & DAP) | ২৪১.৬৩ | ১১.৯৯ | ২০.১৫ মাসের সমপরিমাণ। জুন ২০২২ মাসে বিইআরসি কর্তৃক ট্যারিফ বৃদ্ধির কারণে সিইউএফএল (বিসিআইসি) সারের বর্তমান রেইট ১৬.০০ টাকার স্থলে পূর্বের রেইট ৪.৪৫ টাকা হারে বিল পরিশোধ করে। |
| | বেসরকারি (KAFCO) | ৯৯.২৪ | ৭৫.৮৩ | ১.৩১ |
| ৪ | **শিল্প** | | | |
| | সরকারি | ২৭.০৩ | ৭.৮১ | ৩.৪৬ |
| | বেসরকারি | ১৯১.২০ | ১০৭.৯৪ | ১.৭৭ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | **বাণিজ্যিক** | | | |
| | সরকারি | ০.০০৭০ | ০.০০৫৯ | ১.১৯ |
| | বেসরকারি | ১৯.২৩ | ৭.০৮ | ২.৭২ |
| ৬ | **চা-বাগান** | | | |
| | সরকারি | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | বেসরকারি | ০.০৯ | ০.০৫ | ১.৮০ |
| ৭ | **সিএনজি** | | | |
| | সরকারি (চট্টগ্রাম সিটি কর্পোরেশন) | ২.৪১ | ০.২৫ | ৯.৬৪ |
| | বেসরকারি | ৯৪.৭২ | ৪৪.৯৬ | ২.১১ |
| ৮ | **আবাসিক** | | | |
| | সরকারি | ৩০.৫৪ | ৪.২৫ | ৭.১৯ |
| | বেসরকারি | ১১৭.৩২ | ৫৮.৩৪ | ২.০১ |
| ৯ | সর্বমোট | ১,৫৫৭.৯১ | ৫৪৫.৪৫ | ২.৮৬ |
| ৩০-০৬-২০২৩ তারিখে অ্যাকাউন্টস রিসিভেবল-এর সরকারি ও বেসরকারির বিভাজন | | | | |
| ১০ | সরকারি | ৭৫৯.৪৬ | ১১২.০৪ | ৬.৭৮ |
| ১১ | বেসরকারি | ৭৯৮.৪৫ | ৪৩৩.৪১ | ১.৮৪ |
| ১২ | সর্বমোট (১০+১১) | ১,৫৫৭.৯১ | ৫৪৫.৪৫ | ২.৮৬ |

**ডিজিটালাইজেশন কার্যক্রম**

**ইন্টিগ্রেটেড সফটওয়্যার সিস্টেম**

কেজিডিসিএল এর বিপণন, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ও ফিন্যান্স ডিভিশনের জন্য মডিউল ভিত্তিক সফটওয়্যার নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে কেজিডিসিএল এবং আইআইসিটি, বুয়েট এর মধ্যে চুক্তি সম্পাদনের মাধ্যমে একটি অনলাইন সফটওয়্যার ডেভেলপ করা হয়। পরবর্তীতে ২০১৯ সালে আরও একটি চুক্তি সম্পাদনের মাধ্যমে সফটওয়্যারটি আপগ্রেডেশন করা হয়। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক বিভিন্ন সময়ে প্রকাশিত প্রজ্ঞাপন এর প্রেক্ষিতে ইন্টিগ্রেটেড সফটওয়্যার সিস্টেমে বিভিন্ন ধরণের মডিফিকেশন প্রতিনিয়ত সম্পন্ন করা হয়ে থাকে।

কেজিডিসিএল এ বর্তমানে চলমান অনলাইন সফটওয়্যার তথা ইআরপি সফটওয়্যারে অত্র কোম্পানির সকল শ্রেণির প্রায় ৬ লক্ষ গ্রাহকের যাবতীয় কাজ যথা- নতুন গ্রাহক সংযোগ, মিটার রিডিং এন্ট্রি, বিল প্রস্তুতকরণ, সংযোগ বিচ্ছিন্ন, পুনঃসংযোগ, মিটার পরিবর্তন, মিটার সিলিং, লোড পরিবর্তন, লে-অফ, নাম পরিবর্তন, জোন পরিবর্তন, গ্রাহক টাইপ পরিবর্তন, গ্রাহক অনলাইন রেজিস্ট্রেশন, অনলাইনে বিল আদায়, ডিমান্ড নোট প্রস্তুত, ডিমান্ড নোটের অর্থ আদায়, জামানত এন্ট্রি, জামানত সমন্বয়, বিক্রয় প্রতিবেদন, ডিফল্টার তালিকা, বকেয়া তালিকা, গ্রাহক লেজার, জামানত লেজার, অ্যাকাউন্টস রিসিভেবল ইত্যাদি সহকারে প্রায় ৩০০টি ইউজার ইন্টারফেইস এবং বিভিন্ন রিপোর্ট লাইভে চলমান রয়েছে। বর্তমানে উল্লিখিত কাজ/ইভেন্টসমূহ অর্গানোগ্রাম অনুসারে বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা/উপ-শাখার সংশ্লিষ্ট ব্যবহারকারীগণ রোল অনুসারে দুই স্তর বিশিষ্ট ভেরিফিকেশনের মাধ্যমে কার্য সম্পাদন করতে পারছেন।

**অনলাইন বিলিং সিস্টেম**

কেজিডিসিএল এর সকল শ্রেণির গ্রাহকগণ অনলাইনে ওভার দ্যা কাউন্টার পদ্ধতিতে কেজিডিসিএল এর সাথে চুক্তিবদ্ধ ২৩টি অনলাইন ব্যাংকের সকল শাখার মাধ্যমে এবং শুধুমাত্র ননমিটার্ড আবাসিক গ্রাহকগণ এমএফএস/গেটওয়ে পদ্ধতিতে কেজিডিসিএল এর সাথে চুক্তিবদ্ধ ০৭টি এমএফএস সিস্টেম (বিকাশ, রকেট, নেক্সাসপে, জিপে, টেলিক্যাশ, শিউরক্যাশ, মাইক্যাশ) এর মাধ্যমে ইতোঃপূর্বে গ্যাস বিল পরিশোধ করে আসছিলেন। ২০২২-২০২৩ অর্থবছরে কেজিডিসিএল এর সাথে নতুন ০৪টি অনলাইন ব্যাংক (এনআরবিসি ব্যাংক, ইউনিয়ন ব্যাংক, মধুমতি ব্যাংক, ইসলামি ব্যাংক) এবং নতুন ০২টি এমএফএস সিস্টেম (উপায়, এমক্যাশ) এর অনলাইন বিলিং কালেকশনের নিমিত্ত কেজিডিসিএল এর অনলাইন সার্ভার এ API ইন্টিগ্রেশনের কাজ সম্পন্ন হয়েছে। উল্লেখিত নতুন ব্যাংক/এমএফএসগুলোর মধ্যে এনআরবিসি ব্যাংক, ইউনিয়ন ব্যাংক, মধুমতি ব্যাংক, উপায় বর্তমানে অনলাইন কালেকশন কার্যক্রম শুরু করেছে এবং ইসলামী ব্যাংক, এমক্যাশ অনলাইন কালেকশন কার্যক্রম শুরু করার প্রক্রিয়ায় রয়েছে। কেজিডিসিএলের শিল্প, সিএনজি গ্রাহকগণের মাসিক বিল প্রস্তুতের পর এসএমএস এর মাধ্যমে বিল সংক্রান্ত তথ্য গ্রাহকদের অবগত করা হচ্ছে। বিল পরিশোধের পর উক্ত সফট্ওয়্যার সিস্টেম হতে সকল গ্রাহককে বিল পরিশোধের কনফারমেশন এসএমএস প্রদান করা হচ্ছে। অনলাইনে গ্রাহক কর্তৃক প্রদানকৃত বিল তাৎক্ষণিকভাবে হিসাবে অন্তর্ভুক্তির মাধ্যমে কেজিডিসিএল এর রাজস্ব আদায় সহজে এবং দ্রুততার সাথে করা সম্ভবপর হচ্ছে। এছাড়া ইআরপি সফটওয়্যারে SMS Module আপগ্রেডেশনের মাধ্যমে সকল শ্রেণির অনলাইন রেজিস্টার্ড গ্রাহকদের বিভিন্ন সময়ে ইংরেজি ও বাংলা উভয় ফরম্যাটে SMS প্রেরণের ব্যবস্থাপনা করা হয়েছে।

**অনলাইন বিলিং ট্রানজেকশন মনিটরিং এর জন্য ড্যাশবোর্ড**

অনলাইন বিলিং সংক্রান্ত গ্রাহকের যাবতীয় তথ্য ও বিল সংক্রান্ত তথ্য তাৎক্ষণিকভাবে পাওয়ার জন্য এবং বিভিন্ন ব্যাংকের লেনদেন মনিটরিং এর জন্য একটি ট্রানজেকশন ড্যাশবোর্ড ইতোঃপূর্বে কেজিডিসিএল কর্তৃক ইনহাউস ডেভেলপ করা হয়েছিল। ২০২২-২০২৩ অর্থবছরে ড্যাশবোর্ডটিতে কেজিডিসিএল এর সাথে নতুন চুক্তিবদ্ধ অনলাইন ব্যাংক/এমএফএসসমূহ সংযোজনপূর্বক ড্যাশবোর্ডটি হালনাগাদ করা হয়েছে।

**কাস্টমার ড্যাশবোর্ড**

কেজিডিসিএল এর গ্রাহকগণের বিভিন্ন তথ্য দেখার জন্য কাস্টমার ড্যাশবোর্ড ডেভলপ করা হয়েছে। এই ড্যাশবোর্ডর মাধ্যমে বিভিন্ন তথ্য যেমন: গ্রাহকের নাম, ঠিকানা, মোবাইল নং, সংযোগের তারিখ, বার্ণারের তথ্য, ডিসকানেকশন, রিকানেকশন, লোড পরিবর্তন, মিটার পরিবর্তন, লে-অফসহ বিভিন্ন ইভেন্টের হিস্টোরিক্যাল তথ্য এবং বিল সংক্রান্ত যাবতীয় তথ্য দেখা যায়।

**কেজিডিসিএল কাস্টমার পোর্টাল**

কেজিডিসিএল এর কাস্টমার বিলিং পোর্টাল (billing.kgdcl.gov.bd) এর মাধ্যমে গ্রাহকগণ বিল এবং বিল পরিশোধ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি জানতে পারেন এবং বিল পরিশোধ করতে পারেন। ২০২২-২০২৩ অর্থবছরে কেজিডিসিএল এর সকল শ্রেণির গ্রাহক কর্তৃক পরিশোধিত গ্যাস বিল এর তথ্য অনলাইন বিলিং পোর্টাল (https://billing.kgdcl.gov.bd/) এ অনলাইন রেজিস্টার্ড গ্রাহক তার নিজ অ্যাকাউন্ট হতে প্রত্যায়ন পত্র ডাউনলোড করার ব্যবস্থাপনা করা হয়েছে।

**ভেহিক্যাল ম্যানেজম্যান্ট সিস্টেম (VMS)**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় কেজিডিসিএল এ "ভেহিক্যাল ম্যানেজম্যন্ট সিস্টেম (VMS)" নামক ০১টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে। কেজিডিসিএল এর ইনোভেশন টীম এর মাধ্যমে ভেহিকেল ম্যানেজমেন্ট সিস্টেম সফট্ওয়্যার ডেভেলপড্ করা হয়েছে। উক্ত সফট্ওয়্যারের মাধ্যমে গাড়ির অধিযাচন প্রদান, অনুমোদন এবং ড্রাইভার এ্যাসাইন করা সম্ভব হচ্ছে।

**প্রি-পেইড মিটারিং কার্যক্রম মনিটরিং এর জন্য ড্যাশবোর্ড**

বিভিন্ন ব্যাংকে এবং হেড অফিসে স্থাপিত প্রিপেইড কার্ড রিচার্জ সেন্টার এর রিচার্জ কার্যক্রম তাৎক্ষণিক মনিটরিং এর জন্য আইটি ডিপার্টমেন্ট, কেজিডিসিএল ইনহাউস ড্যাশবোর্ড ডেভেলপ করে। এর মাধ্যমে রিচার্জ সংক্রান্ত সমস্যা এবং কাস্টমার সাপোর্ট সরাসরি মনিটরিং করা যায়।

**হটলাইন**

কোম্পানির গ্যাস লাইনের বিভিন্ন সমস্যা, দুর্ঘটনাজনিত তথ্য ও জরুরি প্রয়োজনে গ্রাহক কর্তৃক কোম্পানির সংশ্লিষ্ট শাখার সাথে সহজে ও দ্রুত যোগাযোগ করার সুবিধার্থে ২০১৬ সালে হটলাইন/হেল্পলাইন "১৬৫১২" চালু করা হয়।

**ই-নথি কার্যক্রম**

দাপ্তরিক কাজে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে কোম্পানিতে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং বর্তমানে ই-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যসম্পাদন করা হচ্ছে।

**ওয়েবসাইট ডেভেলপমেন্ট**

কেজিডিসিএল এর ওয়েবসাইট (www.kgdcl.gov.bd)টি ডেভেলপ করে ২০২০ সালে জাতীয় তথ্য বাতায়নের সাথে সংযুক্ত করা হয়েছে। এতে করে সকল সরকারি সংস্থার সাথে কেজিডিসিএল এর ওয়েবসাইটের সামঞ্জস্যতা এসেছে এবং গ্রাহক/জনসাধারণের তথ্য প্রাপ্তি সহজ হয়েছে।

**জিআইএস বেসড ডিজিটাল ম্যাপ**

কেজিডিসিএলে পাইলট ভিত্তিতে ১(এক)টি জোন এর অধিভুক্ত এলাকার গ্যাস পাইপলাইন ও গ্যাস স্থাপনার GIS Based Digital Map তৈরি করা হয়েছে। তৎকালীন জোন-৩ এলাকার অধিভুক্ত এলাকার সকল Valve, পাইপলাইন (১০ বার, ০৬ বার, ০৪ বার, ০১ বার) সকল রাইজার, সিপি পয়েন্ট এর জিআইএস ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। এছাড়া কেজিডিসিএল এর অধিভুক্ত এলাকার রিং-মেইন পাইপলাইন, HP DRS, IP DRS, MP DRS , TBS এর জিআইএস লোকেশন এর ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে।

**উন্নয়ন কার্যক্রম**

বাস্তবায়িত কাজসমূহ

- ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ) এর আওতায় চট্টগ্রাম জেলায় JICA এর অর্থায়নে পটিয়া মাজার পয়েন্ট এলাকায় সড়ক ও সাঙ্গু সেতুসমূহ ৬-লেনে (এ্যাপ্রোচ সড়কসহ) উন্নীতকরণে গ্যাস পাইপলাইন স্থানান্তর কাজে ০৪ বার চাপবিশিষ্ট ৬ ইঞ্চি ব্যাসের ৭০০.০৩ মিটার এবং ৪ ইঞ্চি ব্যাসের ৮০০ মিটার পাইপলাইন স্থাপন করা হয়।
- কোরিয়ান এক্সপোর্ট প্রসেসিং জোন (কেইপিজেড), আনোয়ারা, চট্টগ্রাম-এর অভ্যন্তরে কেজিডিসিএল-এর বিদ্যমান রিং-মেইন লাইন-এর অংশ বিশেষ পরিত্যক্ত করে ১৬" ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ১.১৮ কিলোমিটার পাইপলাইন নেটওয়ার্ক স্থাপন করা হয়।
- বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর (মীরসরাই অর্থনৈতিক অঞ্চল)-চট্টগ্রাম এ বসুন্ধরা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোনে সিজিএস হতে ১৬ ইঞ্চি ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ৪.১০৫ কি.মি. গ্যাস পাইপলাইন নির্মাণ এবং ১১০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন ০১টি ডিআরএস স্থাপন করা হয়।
- "বিসিক শিল্পনগরী রাউজান" শীর্ষক প্রকল্পে ৪" ব্যাসের ৫.৮৫ কিলোমিটার এবং ৩" ব্যাসের ২৪.৩৯০ মিটার গ্যাস পাইপ লাইন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।
- কেজিডিসিএল এর অফিস ভবন, আবাসিক ভবন এবং সংশ্লিষ্ট বিভিন্ন স্থাপনায় বাৎসরিক পূর্ত মেরামত/রক্ষণাবেক্ষণ কাজ।

**পুর নির্মাণ**

প্রক্রিয়াধীন কাজসমূহ

- কেজিডিসিএল এর নিজস্ব অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৮ নং ওয়ার্ড অধিভুক্ত বিভিন্ন শ্রেণির গ্রাহকদের গ্যাসের স্বল্পচাপজনিত সমস্যা নিরসনকল্পে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি আইপি-ডিআরএস স্থাপন ও ডিআরএস হতে ৬ ইঞ্চি ব্যাসের ১২০ মিটার ও ৪ ইঞ্চি ব্যাসের ৩৬৭৫ মিটার বিতরন গ্যাস পাইপ লাইন স্থাপনসহ বিদ্যমান লাইনের সাথে আন্তঃসংযোগ কাজ।
- বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর (মীরসরাই অর্থনৈতিক অঞ্চল)-চট্টগ্রাম এর অভ্যন্তরে বি-আর পাওয়ারজেন লিমিটেড-এ গ্যাস সরবরাহের লক্ষ্যে ০১টি ৪০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ডিআরএস টার্ন-কি/ইপিসি ভিত্তিতে ক্রয় ও স্থাপন কাজ।
- বঙ্গবন্ধু শিল্পপার্ক, মীরসরাই বেজা, চট্টগ্রাম এর অভ্যন্তরে বেপজা অর্থনৈতিক অঞ্চল-এ গ্যাস সরবরাহের লক্ষ্যে ০১টি ৫০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ডিআরএস টার্ন-কি/ ইপিসি ভিত্তিতে ক্রয় ও স্থাপন কাজ।

**বাস্তবায়নাধীন নতুন প্রকল্প**

**আবাসিক সংযোগে প্রি-পেইড মিটার স্থাপন**

প্রাকৃতিক গ্যাসের অপচয় রোধের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ এবং গ্যাসের কার্যকর সরবরাহ ও ব্যবহার নিশ্চিতকল্পে কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় কোম্পানির নিজস্ব অর্থায়নে ১(এক) লক্ষ প্রি-পেইড গ্যাস মিটার স্থাপনের লক্ষ্যে ২৪,১৬১.০০ লক্ষ টাকা ব্যয়ে "কেজিডিসএল-এর আবাসিক গ্রাহকগণের জন্য প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন" শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়। প্রি-পেইড মিটার স্থাপনের মাধ্যমে আবাসিক গ্রাহকদের মাসিক গ্যাস ব্যবহার ৬০ ঘনমিটার থেকে ৪০ ঘনমিটার-এ হ্রাস পাবে। এছাড়া প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে গ্রাহকদের মধ্যে গ্যাস ব্যবহারের দক্ষতা ও কোম্পানির ব্যবস্থাপনার দক্ষতা বাড়বে, মনিটরিং ব্যয় কমবে এবং পরিবেশের ওপর ইতিবাচক প্রভাব পড়বে। প্রকল্পের মেয়াদকাল ছিল ফেব্রুয়ারি ২০২১ হতে জুন ২০২৩ পর্যন্ত। প্রকল্পটি ১৮-০৫-২০২১ তারিখে অনুমোদন লাভের পর ৩১-০৭-২০২১ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে এবং প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ০৯-০৫-২০২২ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। প্রকল্পের ইপিসি ঠিকাদার নিয়োগের লক্ষ্যে TOYOKEIKI CO. LTD. Japan-কে ২৭-০৮-২০২৩ তারিখে Notification of Award (NOA) প্রদান করা হয়। এছাড়া, প্রকল্পের পরামর্শক ও ইপিসি ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে পুনঃদরপত্র আহ্বানের প্রয়োজন হওয়ায় প্রকল্পের কাজ কিছুটা বিলম্ব হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে গত ১৭-০৮-২০২৩ তারিখে প্রকল্পের মেয়াদ ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করে এবং ২৯,১৪৯.০০ লক্ষ টাকা সংশোধিত ব্যয়ে প্রকল্পের আরডিপিপি অনুমোদন করা হয়।

**ফৌজদারহাট-সীতাকুন্ড-মীরসরাই এলাকায় গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন শীর্ষক প্রকল্প**

দেশের শিল্পায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে চট্টগ্রামস্থ ফৌজদারহাট, সীতাকুন্ড, মীরসরাই ও বারৈয়ারহাট এলাকায় বিদ্যমান গ্রাহকদের বর্ধিত গ্যাস চাহিদাপূরণ ও নতুন শিল্প গ্রাহকদের গ্যাস সরবরাহের নিমিত্ত প্রকল্প এলাকায় বিতরণ নেটওয়ার্কের সক্ষমতা ৫০ এমএমএসসিএফডি থেকে ৪০০ এমএমএসসিএফডি-তে উন্নীত করা হবে। এ কাজ বাস্তবায়নের জন্য ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশ দিয়ে ফৌজদারহাট হতে বারৈয়ারহাট পর্যন্ত ২০" ব্যাসের × ১৫০ পিএসআইজি × ৫৭ কিলোমিটার গ্যাস বিতরণ পাইপ লাইন নির্মাণ এবং জিটিসিএল এর টিবিএস ও কেজিডিসিএল এর বিদ্যমান নেটওয়ার্কের সাথে প্রস্তাবিত পাইপ লাইনের আন্তঃসংযোগ স্থাপন

করা হবে। এ লক্ষ্যে কেজিডিসিএল এর নিজস্ব অর্থায়নে ২১,০৭২.০০ লক্ষ টাকা ব্যয়ে ফৌজদারহাট-সীতাকুন্ড-মীরসরাই এলাকার গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন শীর্ষক প্রকল্প গত ০২-০৬-২০২১ তারিখে অনুমোদন লাভের পর ৩১-০৭-২০২১ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। প্রকল্পের অনুমোদিত মেয়াদকাল জুলাই ২০২১ হতে অক্টোবর ২০২৩। জুন ২০২৩ পর্যন্ত প্রকল্পের ১৬,৫৯৩.৫১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে প্রকল্পের অগ্রগতি নিম্নরূপ :

- লাইন পাইপ ক্রয়পূর্বক কেজিডিএল এর চুক্তিবদ্ধ ইয়ার্ডে সংরক্ষণ করা হয়েছে।
- বিভিন্ন টাইপ ও সাইজের ভাল্ভ, ২০" ইন্ডাকশন বেন্ড ও কোট এন্ড র‍্যাপ ম্যাটেরিয়াল ক্রয়পূর্বক কেজিডিসিএল এর ফৌজদারহাট ভাড়ারে সংরক্ষণ করা হয়েছে।
- ফিটিংস ম্যাটেরিয়ালস চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছেছে। উক্ত মালামাল দ্রুত খালাস করে কেজিডিসিএল এর ফৌজদারহাট ভাণ্ডারে সংরক্ষণ করা হবে।
- পাইপলাইন নির্মাণ কাজের বিপরীতে সর্বনিম্ন দরদাতাগণের সাথে চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে।
- পরিবেশ ছাড়পত্রের জন্য EIA কার্যক্রম সম্পন্ন করে পরিবেশ অধিদপ্তরে EIA রিপোর্ট জমা দেওয়া হয়েছে।
- CP ম্যাটেরিয়াল ও TEG সংগ্রহের জন্য আন্তর্জাতিক দরপত্র উন্মুক্তকরণের পর দরপত্র মূল্যায়ন চলমান আছে।

**আন্তঃকোম্পানির প্রকল্প বাস্তবায়নে ঋণ প্রদান**

আমদানিকৃত এলএনজি গ্যাস সঞ্চালনের লক্ষ্যে জিটিসিএল কর্তৃক বাস্তবায়িত "আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস সঞ্চালন পাইপলাইন" প্রকল্পে ২৫০.০০ কোটি টাকা এবং "মহেশখালী-আনোয়ারা গ্যাস সঞ্চালন পাইপলাইন" প্রকল্পে ২৪৯.৯৫ কোটি টাকা এবং মহেশখালী-জিরো পয়েন্ট (কালদিয়ার চর)-সিটিএমএস (ধলঘাট পাড়া) গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্পে ১০০.০০ কোটি টাকা অর্থায়নের জন্য জিটিসিএল ও কেজিডিসিএল এর মধ্যে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। ঋণ চুক্তির বিপরীতে ৩০-০৬-২০২৩ পর্যন্ত জিটিসিএলকে নিম্নে বর্ণিত অর্থ প্রদান করা হয়েছে।

(কোটি টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকারী কোম্পানি/সংস্থা | মোট পরিশোধিত ঋণের পরিমাণ | ৩০ জুন ২০২৩ পর্যন্ত জিটিসিএল হতে ঋণের আসল বাবদ প্রাপ্তি | ২০২২-২৩ অর্থবছরে পরিশোধিত ঋণের বিপরীতে প্রাপ্ত সুদ |
|---|---|---|---|---|---|
| ১ | আনোয়ারা-ফৌজদারহাট পাইপলাইন | জিটিসিএল | ১৪৫.০০ | - | ২.৬৫ |
| ২ | মহেশখালি-আনোয়ারা পাইপলাইন | জিটিসিএল | ২৩৪.০৫ | ১৪.৫০ | ৪.৫৭ |
| ৩ | মহেশখালি জিরো পয়েন্ট গ্যাস সঞ্চালন পাইপলাইন | জিটিসিএল | ৮৮.৬৮ | - | ১.৭৭ |
| | মোট | | ৪৬৭.৭৩ | ১৪.৫০ | ৮.৯৯ |

**অপারেশনাল কার্যক্রম**

২০২২-২০২৩ অর্থবছরে পাইপলাইন মেইনটেন্যান্স এন্ড ইমার্জেন্সি কন্ট্রোল (পিএমইসি) শাখা উত্তর ও দক্ষিণ এর তত্ত্বাবধানে কোম্পানির বিতরণ উত্তর ও দক্ষিণ নেটওয়ার্ক এর নিম্নোক্ত কাজসমূহ সম্পাদন করা হয় :

- 'ক্লিন ডেভেলপমেন্ট মেকানিজম' (CDM) প্রকল্পের অধীনে ইতোঃপূর্বে মেরামতকৃত ৮,২৩৯টি আবাসিক/বাণিজ্যিক গ্রাহকের রাইজার ৪র্থ পর্যায়ে মনিটরিং করা হয় ও ইউএনএফসিসিসি (UNFCCC) স্বীকৃত ফার্মের মাধ্যমে ভেরিফিকেশন করা হয়।
- কাপ্তাই রোডে কাটাখালী ব্রীজের সংস্কার কাজ শেষ হওয়ায় ব্রীজ অ্যালাইনমেন্ট-এ কেজিডিসিএল এর ২" ব্যাসের ৪(চার) বার চাপ বিশিষ্ট ৪০ মিটার গ্যাস বিতরণ পাইপলাইন নিরাপদ স্থানে পুনঃস্থাপন কাজ সম্পন্ন করা হয়।
- বাংলাদেশ সেনাবাহিনীর ৩৪ ইঞ্জিনিয়ার কন্সট্রাকশন ব্রিগেড কর্তৃক 'চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের ইউটিলিটি এর আওতাধীন মুরাদপুর মোড়ে নির্মাণাধীন ব্রীজের অ্যালাইনমেন্ট এ কেজিডিসিএল এর বিদ্যমান ৪" ব্যাসের ৪(চার) বার চাপ বিশিষ্ট ১৪ মিটার ও ৬" ব্যাসের ১০(দশ) বার চাপ বিশিষ্ট ১৪ মিটার বিতরণ লাইন ডাইভারশন/উঁচুকরণ কাজ সম্পন্ন করা হয়। শাহ আমানত সেতু সংযোগ সড়কের ফুলকলি সংলগ্ন ব্রীজের নিচে খালের সংস্কার কাজের সময় ক্ষতিগ্রস্ত কেজিডিসিএল এর ৪" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ১৩২ মিটার বিতরণ লাইন ডাইভারশন/উঁচুকরণ কাজ সম্পন্ন করা হয়। বলিরহাট আলী টাওয়ারের গলিতে নালার কাজে ক্ষতিগ্রস্ত কেজিডিসিএল এর ২" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ৩৩ মিটার বিতরণ লাইন ডাইভারশন/উঁচুকরণ কাজ সম্পন্ন করা হয়। বউবাজার খাজা হোটেল

গলিতে নালার কাজে ক্ষতিগ্রস্ত কেজিডিসিএল এর ১" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ৪৬ মিটার বিতরণ লাইন ডাইভারশন/উঁচুকরণ কাজ সম্পন্ন করা হয়।

- চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন চট্টগ্রাম নগরীর বিভিন্ন ওয়ার্ডে উন্নয়ন কাজের আওতায় নবাব সিরাজ-উদ-দৌল্লা সড়কের চন্দনপুরা মসজিদ ক্ষতিগ্রস্ত কেজিডিসিএল এর ৪" ব্যাসের ১০(দশ) বার চাপ বিশিষ্ট ২০ মিটার বিতরণ লাইন ডাইভারশন কাজ সম্পন্ন করা হয়।
- সড়ক ও জনপথ (সওজ) কর্তৃক "রাঙ্গামাটি রোড সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন রাউজান গহিরা বাজার সংলগ্ন রাস্তার অ্যালাইনমেন্ট এ কেজিডিসিএল এর বিদ্যমান ৪" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ১৭ মিটার বিতরণ লাইন ডাইভারশন কাজ সম্পন্ন করা হয়।
- চট্টগ্রাম ওয়াসা কর্তৃক "পানির পাইপলাইন সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন হাটহাজারী রোডের মুরাদপুর মোড় এ স্টোরেজ ট্যাংক নির্মাণের কারণে কেজিডিসিএল এর বিদ্যমান ৪" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ৩৫ মিটার বিতরণ লাইন ডাইভারশন কাজ সম্পন্ন করা হয়।
- বিবিরহাটস্থ হযরত মাওলানা শাহ সলিমুল্লাহ মসজিদ এর নিচে কেজিডিসিএল এর বিদ্যমান ১" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ৫৩ মিটার বিতরণ লাইন ডাইভারশন কাজ সম্পন্ন করা হয়।
- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ আমানত বিমান বন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের এ্যালাইনমেন্টের মধ্যে কেজিডিসিএল এর ভূগর্ভস্থে স্থিত গ্যাস পাইপলাইনের ডাইভারশন, ক্ষতিগ্রস্ত ভাল্ভপিট পরিবর্তন ও নতুন ভাল্ভপিট তৈরিকরণ কাজ :
  - ক) চৌমুহনী ও সল্টগোলা এলাকায় ৩ ইঞ্চি ব্যাসের ৪ বার চাপসম্পন্ন ৪০ মিটার গ্যাস পাইপলাইন।
  - খ) কাস্টম মোড় ও সল্টগোলা এলাকায় ২ ইঞ্চি ব্যাসের ১৮০ মিটার গ্যাস পাইপলাইন।
  - গ) পতেঙ্গা এলাকায় ৪ ইঞ্চি ব্যাসের ১২০ মিটার গ্যাস পাইপলাইন।
  - ঘ) দেওয়ানহাট হতে পতেঙ্গা এলাকায় বিভিন্ন ব্যাসের মোট ০৮টি ক্ষতিগ্রস্ত ভাল্ভপিট পরিবর্তন ও ০৩টি নতুন ভাল্ভপিট স্থাপন।
- বিতরণ দক্ষিণ এলাকার দক্ষিণ পতেঙ্গায় দি পেনিনসুলা চট্টগ্রাম লিমিটেড কর্তৃক একটি পাঁচ তারকা হোটেল নির্মাণ প্রকল্পের অ্যালাইনমেন্ট এ স্থিত ৪(চার) ইঞ্চি ব্যাসের ৪ বার চাপসম্পন্ন ৯৬ মিটার বিতরণ পাইপলাইন নিরাপদ স্থানে ডাইভারশন সম্পন্ন করা হয় ।
- কেজিডিসিএল চট্টগ্রাম বিতরণ দক্ষিণ নেটওয়ার্ক এলাকার বড়পোলে লিকেজজনিত কারণে ৬ ইঞ্চি ব্যাসের ০১টি ও আমবাগান এবং টাইগারপাসে ৮ ইঞ্চি ব্যাসের ০২টি ভাল্ব পরিবর্তন।
- এজিই আর্মি, বিএম ভাটিয়ারী, চট্টগ্রাম-এ রোড সম্প্রসারণ কাজের জন্য ২ ইঞ্চি ব্যাসের ১২ মিটার বিতরণ লাইন ডাইভারশন কাজ সম্পন্ন করা হয়।

**গ্যাস সঞ্চালন পাইপলাইন রক্ষণাবেক্ষণ**

কোম্পানির অধিভুক্ত এলাকায় ১৮৬.৫০ কিলোমিটার উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইন বিদ্যমান। এগুলো হচ্ছে ১৬", ২০" ও ২৪" ব্যাসের ৫৭ কিলোমিটার চট্টগ্রাম রিং-মেইন পাইপলাইন, ২০" ব্যাসের ১৮ কিলোমিটার রাউজান তাপবিদ্যুৎ কেন্দ্র পাইপলাইন, ৮" ব্যাসের ১৮ কিলোমিটার কেপিএম স্পারলাইন, ১০" ব্যাসের ৫৬ কিলোমিটার সেমুতাং গ্যাস পাইপলাইন, ১৬" ব্যাসের ২২ কিলোমিটার আনোয়ারা-শিকলবাহা তাপবিদ্যুৎ কেন্দ্র ও আনোয়ারা-কাফকো-সিইউএফএল পাইপলাইন এবং ১৬" ব্যাসের ১৫.৫০ কিলোমিটার বড়তাকিয়া-মীরসরাই অর্থনৈতিক অঞ্চল পাইপলাইন।

- উচ্চ-চাপবিশিষ্ট গ্যাস পাইপলাইনের ১৯টি ভাল্ভ/অফটেক স্টেশন ডি-ওয়াটারিংসহ ৩টি ম্যানিফোল্ড স্টেশন, ৬টি পিগলঞ্চিং/রিসিভিংস্টেশন, ২৮টি ভাল্ভ ও ৩৩টি অফটেক স্টেশন পেট্রোবাংলা নির্ধারিত কালার কোড অনুসারে রংকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- চট্টগ্রামস্থ আনোয়ারায় কেজিডিসিএল রিং-মেইন লাইনে স্থাপিত DLVS-6 (16" $\varphi \times$ 350 psig) ভাল্ভটি মরিচাক্রান্ত হয়ে ঝুঁকিপূর্ণ হওয়ায় ১৬" ব্যাসের ভাল্ভটি অপসারণ করে মেরামত/রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করা হয় ।
- আকবরশাহ থানাধীন শাপলা আ/এ সংলগ্ন পাহাড়ী এলাকায় অবস্থিত রিং-মেইন গ্যাস পাইপলাইন এর অংশ বিশেষ ভারী বর্ষায় উন্মুক্ত ও তলদেশ ফাঁকা হয়ে ঝুঁকিপূর্ণ হওয়ায় মাটি পুনঃভরাট/রক্ষণাবেক্ষণ কাজটি সম্পন্ন করা হয়েছে।
- উচ্চ চাপবিশিষ্ট গ্যাস পাইপলাইনের রাইট-অফ-ওয়ে এর ওপর গড়ে ওঠা বিভিন্ন ধরনের অবৈধ স্থাপনাসমূহ ক্ষেত্র বিশেষে স্থানীয় প্রশাসনের সহায়তায় উচ্ছেদ করা হয়েছে। এ ধরণের অবৈধ স্থাপনা অপসারণের কাজ চলমান রয়েছে ।

### ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ

গ্যাস অতিমাত্রায় দাহ্য পদার্থ যা এমএস পাইপলাইনের মাধ্যমে বিভিন্ন শ্রেণির গ্রাহক পর্যায়ে সরবরাহ করা হয়। পাইপলাইনের ক্ষয়জনিত কারণে গ্যাস লিকেজ হয়ে দুর্ঘটনা ঘটলে জানমালের ব্যাপক ক্ষতিসহ জননিরাপত্তা মারাত্মকভাবে বিঘ্নিত হতে পারে। তাই জানমালের নিরাপত্তাসহ নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহের নিমিত্ত পাইপের ক্ষয়রোধকল্পে ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম একটি অপরিহার্য কারিগরি ব্যবস্থা। এ প্রেক্ষিতে কেজিডিসিএল এর উচ্চ চাপবিশিষ্ট রিং-মেইন পাইপলাইন, রাউজান তাপ বিদ্যুৎ পাইপলাইন, কেপিএম স্পার লাইন, সেমুতাং পাইপলাইন, বড়তাকিয়া হতে মীরসরাই অর্থনৈতিক অঞ্চল ও এর অভ্যন্তরে এইচপি ডিআরএস পর্যন্ত পাইপলাইন, আনোয়ারা সিজিএস হতে শিকলবাহা পাওয়ার স্টেশন পর্যন্ত পাইপলাইন, আনোয়ারা সিজিএস হতে সিইউএফএল/কাফকো পর্যন্ত পাইপলাইনসহ বিভিন্ন স্থানে স্থাপিত বিতরণ পাইপলাইনের ক্ষয়রোধ ব্যবস্থা কার্যকর রাখা এবং নিরাপদ গ্যাস সঞ্চালন ও বিতরণের স্বার্থে ক্যাথোডিক প্রোটেকশন সিস্টেমের সুষ্ঠু পরিচালন, রক্ষণাবেক্ষণ, মনিটরিং ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান। গ্যাস সঞ্চালন ও বিতরণ পাইপলাইনের PSP (Pipe to Soil Potential) রিডিং পর্যালোচনাপূর্বক ঝুঁকিপূর্ণ স্থানে (যদি পাওয়া যায়) কারিগরি বিনির্দেশ অনুযায়ী ম্যাগনেসিয়াম অ্যানোড স্থাপন করে ক্যাথোডিক প্রোটেকশন সিস্টেমকে গ্রহণযোগ্য মাত্রায় উন্নীত করা হয়। তাছাড়া কেজিডিসিএল গ্যাস বিতরণ নেটওয়ার্ক এর বিভিন্ন এলাকায় স্থাপিত টিইজি/টিআরযুক্ত সিপি স্টেশন নিয়মিত পরিদর্শন করে প্রয়োজনীয় সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সার্বক্ষণিকভাবে সিপি সিস্টেম সচল রাখা হচ্ছে। অপরদিকে সিপি স্টেশনসমূহের মধ্যে দুর্বল গ্রাউন্ড বেড চিহ্নিত করে নতুন গ্রাউন্ড বেড স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া সম্প্রতি স্থাপিত পাইপলাইন ও পুরাতন পাইপলাইনের যে সকল স্থানে পিএসপি রিডিং প্রোটেকটিভ লেভেল (-0.85 Volt) এর কম সে সকল পাইপলাইনে নতুনভাবে ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম স্থাপনের কার্যক্রমও অব্যাহত আছে।

### জনবল, মানব সম্পদ উন্নয়ন ও গ্রাহকসেবা কার্যক্রম

#### জনবল

কোম্পানির বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে ৫১৯ জন কর্মকর্তা ও ৬৪২ জন কর্মচারীর সংস্থান রয়েছে। তন্মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানির নিয়মিত কর্মকর্তা ৩৬০ জন, কর্মচারী ৯৬ জন, আউটসোর্সিং ৩৩৭ জন ও দৈনিক ভিত্তিতে ১৭ জন নিয়োজিত ছিল। কোম্পানিতে কর্মরত ৩৬০ জন কর্মকর্তার মধ্যে পেট্রোবাংলা এবং পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানি হতে ০৭ জন প্রেষণে কর্মরত আছেন। আলোচ্য অর্থবছরে ১১ জন কর্মকর্তা ও ২১ জন কর্মচারী অবসর গ্রহণ, নতুন ১১৮ জন কর্মকর্তা যোগদান এবং ১৩ জন কর্মকর্তা স্বেচ্ছায় চাকুরি হতে ইস্তফা প্রদান করেন। কোম্পানিতে বিগত ২ অর্থবছরে পুরুষ ও মহিলা কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা নিচে ৬ নং সারণিতে দেখানো হলো :

সারণি ৬: ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ অর্থবছরের পুরুষ ও মহিলা কর্মকর্তা ও কর্মচারির বিবরণ

| অর্থবছর | কর্মকর্তার সংখ্যা | | | কর্মচারির সংখ্যা | | | মোট কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| ২০২১-২০২২ | ২৩২ | ২৪ | ২৫৬ | ১২২ | ০৫ | ১২৭ | ৩৫৪ | ২৯ | ৩৮৩ |
| ২০২২-২০২৩ | ৩৩১ | ২৯ | ৩৬০ | ৯২ | ০৪ | ৯৬ | ৪২৩ | ৩৩ | ৪৫৬ |

#### প্রশিক্ষণ

২০২২-২০২৩ অর্থবছরে প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে মোট ৬২৫ (ছয়শত পঁচিশ) জন কর্মকর্তা ও ৮০ (আশি) জন কর্মচারি বিভিন্ন স্থানীয় প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন।

### বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা Performance মূল্যায়নের লক্ষ্যে সরকারের Government Performance Management System (GPMS)-এর আওতায় অন্যান্য বহুবিধ কাজের মধ্যে কাঠামোবদ্ধ কতিপয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কেজিডিসিএল কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা Annual Performance Agreement (APA) স্বাক্ষরিত হয়ে থাকে। ২০২২-২০২৩ অর্থবছরের গৃহীত কোম্পানির বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নে কোম্পানির কর্মকর্তা কর্মচারিগণ সফলতার স্বাক্ষর রাখেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ৯৭.৭০ নম্বর অর্জিত হয়।

### ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

কেজিডিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়নের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন টীম গঠন করা হয়েছে। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনার আওতায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে। কোম্পানির যানবাহন দাপ্তরিক কাজে ব্যবহারের অনুমোদন গ্রহণ প্রক্রিয়া ডিজিটাইজেশনের লক্ষ্যে ভেহিক্যাল ম্যানেজমেন্ট সিস্টেম (VMS) সফট্ওয়্যার চালু করা হয়েছে। ই-নথি/ই-ফাইল ব্যবহারের মাধ্যমে দাপ্তরিক কাজসমূহ দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে কোম্পানির কর্মকর্তাদের ই-নথি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কেজিডিসিএল এর তথ্য বাতায়নে সেবা বক্সসমূহ, মেনুবার, বিভিন্ন প্রতিবেদন, দরপত্র, নোটিশ, পরিচালনা পর্ষদবৃন্দের তালিকা নিয়মিত হালনাগাদ করা হয়ে থাকে।

**জাতীয় শুদ্ধাচার কৌশল**

জাতীয় শুদ্ধাচার কৌশল হলো দুর্নীতি ঠেকাতে নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহি এবং সততা নিশ্চিতকরণে সরকার প্রণীত একটি সুশাসন কৌশল। ক্ষুধা ও দারিদ্রমুক্ত সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে কেজিডিসিএল কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় এবং কর্মপরিকল্পনার আলোকে গৃহীত কার্যক্রমসমূহ সময়াবদ্ধভাবে বাস্তবায়ন করা হয়। উল্লেখ্য যে, এতদসংক্রান্তে কেজিডিসিএল কর্মপরিকল্পনার বাহিরে পেট্রোবাংলার নির্দেশনামতে কোয়ার্টার ভিত্তিক নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়ন করা হয় :

- দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন শ্লোগান সম্বলিত স্টিকার/পোস্টার প্রস্তুত করা এবং কোম্পানির বিভিন্ন স্থাপনায় দৃশ্যমান স্থানে সাঁটানো।
- দুর্নীতি প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারিদের উপস্থিতিতে সভা আয়োজন।
- হালনাগাদ উত্তম চর্চার তালিকা প্রিন্টিং ও বাঁধাইপূর্বক ডিসপ্লে বোর্ড আকারে কোম্পানির সকল ডিভিশন/ডিপার্টমেন্ট এবং সকল কর্মকর্তা, কর্মচারি ও সেবা গ্রহীতাদের নজরে আনার জন্য দৃশ্যমান স্থানে প্রদর্শন।

**অভিযোগ প্রতিকার পদ্ধতি**

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বা GRS (Grievance Redress System) সংক্রান্ত কর্মপরিকল্পনা মূল্যায়ন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুযায়ী কোম্পানিতে স্থাপিত অভিযোগ বক্স এবং GRS Software এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে কোম্পানিতে একটি কমিটি রয়েছে এবং উপমহাব্যবস্থাপক (সিকিউরিটিজ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিযুক্ত আছেন। ২০২২-২০২৩ অর্থবছরে গ্রাহকদের নিকট থেকে মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা ৩৮টি। তন্মধ্যে ৩৫টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ নিষ্পত্তির শতকার হার ৯২.১০%। কোম্পানির তথ্য বাতায়নে নিয়মিতভাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা হয়ে থাকে।

**তথ্য অধিকার**

তথ্য অধিকার আইন-২০০৯ এর ধারা ১০ অনুযায়ী কোম্পানির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা কেজিডিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশিত আছে। তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরে ব্যক্তি শ্রেণি কর্তৃক দাখিলকৃত 'তথ্য প্রাপ্তির আবেদন' যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। বর্ণিত আইন অনুযায়ী 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা' প্রণয়নপূর্বক প্রকাশযোগ্য তথ্যসহ অন্যান্য তথ্য কোম্পানির তথ্য বাতায়নে নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। এতদ্ব্যতীত, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণ ও প্রচার কার্যক্রমসহ অন্যান্য নির্দেশনাসমূহ যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে।

**সেবা প্রদান প্রতিশ্রুতি**

কোম্পানির গ্রাহকদের উন্নত সেবা প্রদান, প্রাকৃতিক গ্যাসের দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ ও গ্যাস বিপণনে সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালার আয়োজন করা হয় এবং সেবা প্রদান বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়। কোম্পানির সকল কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়।

**সামাজিক কার্যক্রম**

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে কোম্পানি বিভিন্ন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে এবং অসুস্থতাজনিত রোগির সুচিকিৎসায় কিছু সংখ্যক মানুষকে সহযোগিতা প্রদান করা হচ্ছে। কোম্পানি কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা (CSR) খাত হতে জটিল রোগে আক্রান্ত ব্যক্তিবর্গের সুচিকিৎসার জন্য সর্বমোট ১৫,১৫,০০০.০০ (পনের লক্ষ পনের হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত ভারসাম্য সংরক্ষণ**

**স্বাস্থ্য**

কোম্পানির কর্মকর্তা-কর্মচারি ও তাদের নির্ভরশীল পোষ্যদের স্বাস্থ্যসেবা প্রদানের উদ্দেশ্যে একজন এমবিবিএস ডাক্তার ও একজন প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসা সহকারী নিয়োজিত আছে। জরুরি চিকিৎসা সেবা প্রদানে প্রাথমিক চিকিৎসা সামগ্রী ও একটি অ্যাম্বুলেন্স সার্বক্ষণিক প্রস্তুত আছে। এছাড়াও জাতীয় দিবস, বার্ষিক বনভোজন ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে মেডিকেল টিম গঠন করা হয়।

**নিরাপত্তা**

কোম্পানিতে স্থায়ী নিরাপত্তা কর্মী ও আউটসোর্স নিরাপত্তা কর্মীর পাশাপাশি ১৬ জন (নিরস্ত্র) আনসার সদস্য নিয়োজিত আছে। কোম্পানির প্রধান কার্যালয় এবং ফৌজদারহাট স্থাপনায় ও মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত সিসিটিভি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক নিরাপত্তা মনিটরিং নিশ্চিত করা হয়। কোম্পানির গুরুত্বপূর্ণ স্থাপনায় অগ্নিকান্ডের তাৎক্ষণিক ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে বিভিন্ন সাইজের অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপন এবং ভবনের পাশে দৃশ্যমান স্থানে পানি ও বালি ভর্তি বালতি রাখা হয়েছে। কেজিডিসিএল এর স্থাপনাসমূহের মধ্যে স্থাপিত বিভিন্ন সাইজের অগ্নিনির্বাপক যন্ত্রসমূহ প্রতিবছর নিয়মিতভাবে রিফিল করা হয়। কোম্পানির গুরুত্বপূর্ণ স্থাপনায় নিয়োজিত অপারেটর এবং নিরাপত্তা কর্মীদেরকে প্রতিবছর অগ্নিনির্বাপক যন্ত্র পরিচালনায় বিষয়ে প্রয়োজনীয় ধারনা দেয়া হয় ও অগ্নিনির্বাপণ মহড়ার আয়োজন করা হয়।

**পরিবেশ**

পরিবেশ সংরক্ষণের প্রতি লক্ষ্য রেখে গৃহস্থালি গ্রাহক ব্যতীত অন্যান্য সকল প্রকার গ্যাস সংযোগের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেওয়া হয়। কোম্পানির স্থাপনাসমূহে বিভিন্ন প্রজাতির গাছ-গাছালি রয়েছে এবং বৃক্ষ চারা রোপণ কার্যক্রম চলমান আছে। কোম্পানির ফৌজদারহাট স্থাপনায় সৌন্দর্য বর্ধনের জন্য স্থাপনার সম্মুখে ফাঁকা জায়গায় বিভিন্ন ধরণের ফুলের বাগান করা হয়েছে এবং স্থাপনার আশপাশের বিভিন্ন ফাঁকা জায়গায় ছোট-খাটো পরিসরে বাগান করা হয়েছে। প্রতি মাসে কোম্পানি হতে পরিবেশের উপর মাসিক প্রতিবেদন পেট্রোবাংলার এনভায়রনমেন্ট এন্ড সেইফটি ডিভিশনে (ইএসডি) পাঠানো হয়।

**জাতীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ উদযাপন**

বিগত অর্থবছরে কোম্পানিতে ২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ঐতিহাসিক ০৭ মার্চ, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ১৪ এপ্রিল বাংলা নববর্ষ, ৯ আগস্ট জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস, ১২ রবিউল আউয়াল পবিত্র ঈদ-এ মিলাদুন্নবী (সাঃ), ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালন করা হয়েছে।

**কল্যাণমূলক কার্যক্রম**

সম্মানিত শেয়ারহোল্ডারগণ,

আমি এ পর্যায়ে কোম্পানির কর্মকর্তা-কর্মচারিদের জন্য গৃহীত কল্যাণধর্মী কার্যক্রমের ওপর আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। কেজিডিসিএল এর কল্যাণমূলক কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে ৬৬ জন কর্মকর্তা-কর্মচারীকে জমি ক্রয়, গৃহ নির্মাণ, মোটর সাইকেল ক্রয়, নির্মিত গৃহের এক্সটেনশন ও রিনোভেশন, বাড়ি বা ফ্ল্যাট ক্রয় খাতে ১৯,৯৭,৩৭,৬৪৭ টাকা ঋণ প্রদান করা হয়েছে। কোম্পানির কর্মকর্তা-কর্মচারিগণের সন্তানদের ২০২২-২০২৩ অর্থবছরে (বকেয়াসহ) ৬৫ জন কর্মকর্তা-কর্মচারিগণের ছেলে-মেয়েদের শিক্ষাবৃত্তি বাবদ মোট ৫,০৯,৭০০ (পাঁচ লক্ষ নয় হাজার সাতশত) টাকা প্রদান করা হয়েছে। চিত্তবিনোদন কর্মসূচির আওতায় কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারিগণের অংশগ্রহণে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও বনভোজনসহ অন্যান্য অনুষ্ঠানাদি অনুষ্ঠিত হয়েছে।

**২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানির উল্লেখযোগ্য সাফল্য/অর্জন**

২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানীর উল্লেখযোগ্য সাফল্য/অর্জন নিম্নরূপ :

- কেজিডিসিএল এর নিজস্ব অর্থায়নে ২১০৭২.০০ লক্ষ টাকা ব্যয়ে ০১-০৭-২০২১ হতে ৩১-১০-২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন "ফৌজদারহাট-সীতাকুন্ড-মীরসরাই এলাকার গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন" শীর্ষক প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পের ক্রয় পরিকল্পনার প্যাকেজের ০৭টি পণ্য যথাক্রমে ভাল্ভ, বেন্ড, লাইন পাইপ ও কোট এন্ড র‍্যাপ ম্যাটেরিয়াল, গাড়ি, কম্পিউটার সামগ্রী, ফটোকপি মেশিন ও ফিটিংস ম্যাটেরিয়ালস ক্রয় করা হয়েছে। আগামি ০৬-০৯-২০২৩ তারিখ হতে ফৌজদারহাট হতে বারৈয়ারহাট পর্যন্ত প্রায় ৫৭ কিলোমিটার পাইপলাইন নির্মাণকাজ শুরু হবে। প্রকল্পের বিপরীতে এ পর্যন্ত মোট ১৬,৭৯৮.৪৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট প্রকল্প ব্যয়ের ৭৯.৭২%।

- চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন চট্টগ্রাম নগরীর বিভিন্ন ওয়ার্ডে উন্নয়ন কাজের আওতায় নবাব সিরাজ-উদ-দৌল্লা সড়কের চন্দনপুরা মসজিদ ক্ষতিগ্রস্ত কেজিডিসিএল এর ৪" ব্যাসের ১০(দশ) বার চাপবিশিষ্ট ২০ মিটার বিতরণ লাইন ডাইভারশন কাজ সম্পন্ন করা হয়েছে।
- ২০২২-২০২৩ অর্থবছরে কেজিডিসিএল এর সাথে নতুন ০৪টি অনলাইন ব্যাংক ( এনআরবিসি ব্যাংক, ইউনিয়ন ব্যাংক, মধুমতি ব্যাংক, ইসলামি ব্যাংক) এবং নতুন ০২টি এমএফএস সিস্টেম (উপায়, এমক্যাশ) এর অনলাইন বিলিং কালেকশন এর নিমিত্ত কেজিডিসিএল এর অনলাইন সার্ভার এ API ইন্টিগ্রেশনের কাজ সম্পন্ন হয়েছে।
- ২০২২-২০২৩ অর্থবছরে প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা (CSR) খাত হতে বিভিন্ন জটিল রোগে আক্রান্ত ব্যক্তিবর্গের সুচিকিৎসার জন্য সর্বমোট ১৫,১৫,০০০.০০ (পনের লক্ষ পনের হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।
- উচ্চ-চাপবিশিষ্ট গ্যাস পাইপলাইনের ১৯টি ভাল্ভ/অফটেক স্টেশন ডি-ওয়াটারিংসহ ৩টি ম্যানিফোল্ড স্টেশন, ৬টি পিগলঞ্চিং/রিসিভিংস্টেশন, ২৮টি ভাল্ভ ও ৩৩টি অফটেক স্টেশন পেট্রোবাংলা নির্ধারিত কালার কোড অনুসারে রংকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- সড়ক ও জনপথ (সওজ) কর্তৃক "রাঙ্গামাটি রোড সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন রাউজান গহিরা বাজার সংলগ্ন রাস্তার অ্যালাইনমেন্ট এ কেজিডিসিএল এর বিদ্যমান ৪" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ১৭ মিটার বিতরণ লাইন ডাইভারশন/উঁচুকরণ কাজ সম্পন্ন করা হয়।
- ২০২২-২০২৩ অর্থবছরে কেজিডিসিএল ৩৭৪.১০ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জন করেছে এবং ৮২২.৪৭ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেছে।
- কেজিডিসিএল-এর বার্ষিক সাধারণ সভা (১৩তম) ২০২২ সালের ১৩ অক্টোবর তারিখে সাফল্যের সাথে সুসম্পন্ন হয়েছে।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা**

- বৈদেশিক সাহায্য ও কোম্পানির নিজস্ব অর্থায়নে কেজিডিসিএল-এর অধিভুক্ত এলাকার ৪,৩৫,০০০টি আবাসিক সংযোগে প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন।
- কেজিডিসিএল-এর ফৌজদারহাট, চট্টগ্রামস্থ অফিস কমপ্লেক্সে ১টি ৮৯,৬৭৪ বর্গফুট আয়তনের ১০ তলা ভিত্তিবিশিষ্ট ৬তলা অফিসকাম ল্যাব ভবন এবং ১৬,৬৮৪ বর্গফুট আয়তনের ১টি দ্বিতল স্টোর ভবন নির্মাণ।
- চট্টগ্রামস্থ ফৌজদারহাট হতে চান্দগাঁও জিরোপয়েন্ট পর্যন্ত রিংমেইন এর সমান্তরালে ২৪" ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপের ১২ কি.মি. গ্যাস পাইপলাইন নির্মাণ।
- চান্দগাঁও আবাসিক এলাকায় কেজিডিসিএল অফিসার্স কোয়ার্টার কমপ্লেক্সে বিদ্যমান এ ও বি-টাইপ ভবন ভেঙ্গে তদস্থলে ০১টি ১০(দশ) তলা ভবন নির্মাণ।
- বেজার অভ্যন্তরে বেপজার জন্য ১৫০ পিএসআইজি চাপের ১২", ১০", ৬" ও ৪" ব্যাসের ৫০.১৯৬ কিলোমিটার পাইপলাইন এবং ০১টি ৫০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন ডিআরএস স্থাপন ও প্রয়োজনীয় পূর্ত অবকাঠামো নির্মাণ।
- বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগরের ২এ, ২বি ও পারিপার্শ্বিক ইন্ডাস্ট্রিয়াল ইকোনোমিক জোনে ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ২৪ ইঞ্চি ব্যাসের ৬ কিলোমিটার ও ১৬ ইঞ্চি ব্যাসের ৬ কিলোমিটার পাইপলাইন, ১৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ১০ ইঞ্চি ব্যাসের ১৩ কিলোমিটার, ১৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ৮ ইঞ্চি ব্যাসের ৭ কিলোমিটার পাইপলাইন, ৪টি ভাল্ভ স্টেশন ও প্রতিটি ৫০ এমএমএসসিএফডি ক্ষমতার ২টি ডিআরএস এবং আনুষঙ্গিক পূর্ত কার্যাদিসহ ডিপোজিটরি ওয়ার্ক হিসেবে গ্যাস নেটওয়ার্ক স্থাপন।
- মহেশখালী থানার অন্তর্গত মাতারবাড়ীতে সিপিজিসিবিএল কর্তৃক বাস্তবায়নাধীন ৫০০-৬০০ মেগাওয়াট আরএলএনজি বেইজ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্টে গ্যাস সরবরাহের জন্য ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ২০ ইঞ্চি ব্যাসের ০.৫ কিলোমিটার গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ এবং প্রকল্পের অভ্যন্তরে ২০০ এমএমএসসিএফডি আরএমএস স্থাপন কাজ।
- বেজার আওতাধীন মহেশখালী অর্থনৈতিক অঞ্চল-৩, এসপিএল পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স লিমিটেড এ গ্যাস সরবরাহের জন্য ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ২৪ ইঞ্চি ব্যাসের ০.৫ কিলোমিটার গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ এবং প্রকল্পের অভ্যন্তরে ১৫০ এমএমএসসিএফ ডিআরএমএস স্থাপন কাজ।
- জিটিসিএল কর্তৃক নির্মিত ৩৬" ব্যাসের লাইনের বড়তাকিয়া এলাকাস্থ অফটেক হতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগরস্থ অর্থনৈতিক অঞ্চল পর্যন্ত জমি অধিগ্রহণপূর্বক ৩০" ব্যাসের ১১ কিলোমিটার পাইপলাইন নির্মাণ, ৫০০ এমএমএসসিএফডি ক্ষমতার সিজিএস স্থাপন, সিজিএস-এর আউটলেট হতে ২৪" ব্যাসের ২০ কিলোমিটার পাইপলাইন নির্মাণ এবং ৫০ এমএমএসসিএফডি ক্ষমতার ৪টি ডিআরএস স্থাপন।

- কোম্পানির অধিভুক্ত এলাকাসমূহের গ্যাস পাইপলাইন নেটওয়ার্কের বিতরণ লাইন, রাইজার, ভাল্ভ, সিপি পয়েন্ট ইত্যাদি জিআইএস বেইজড ডিজিটাল ম্যাপে অর্ন্তভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- Complain Management System প্রস্তুত করা হয়েছে। এ সিস্টেমে অনলাইন পোর্টাল হতে গ্রাহক যে কোন অভিযোগ করতে পারবেন এবং একই সাথে পোর্টাল হতে স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের অনলাইন রেজিস্টার্ড মোবাইল নম্বর এ এসএমএস প্রাপ্তির মাধ্যমে গ্রাহক তার অভিযোগ যাচাই-বাছাই সংক্রান্ত তথ্য দেখতে পারবেন। বিষয়টি বাস্তবায়নাধীন আছে।
- বর্তমানে MIS সংক্রান্ত কার্যক্রম ম্যানুয়ালি সম্পাদন করা হচ্ছে। উক্ত কার্যক্রমকে ডিজিটাইজেশনের লক্ষ্যে ERP software এ MIS Module অন্তর্ভুক্ত করা হবে।
- Store Management System কে ডিজিটাইজেশনের লক্ষ্যে ERP software এ অন্তর্ভুক্ত করা হবে।
- Store Management System এর সাথে সম্পৃক্ত Cost and Store Module ERP software এ অন্তর্ভুক্ত করা হবে।
- অফলাইন সিস্টেম হতে অনলাইন সিস্টেমে মিটারবিহীন আবাসিক গ্রাহকদের ডাটা মাইগ্রেশন কার্যক্রম আওতাভুক্ত করা হবে।
- মিটারবিহীন আবাসিক গ্রাহকদের ম্যানুয়েল বিল পোস্টিং কার্যক্রম ERP software এ আওতাভুক্ত করা হবে।
- গ্রাহক পোর্টাল হতে অনলাইন রেজিস্ট্রেশন ডুপ্লিকেট কার্ড ইস্যু, মোবাইল নম্বর পরিবর্তন, পুনঃসংযোগ আবেদন ইত্যাদি কার্যক্রম আওতাভুক্ত করা হবে।

**ভবিষ্যৎ চ্যালেঞ্জ এবং উত্তরণের উপায়**

| ভবিষ্যৎ চ্যালেঞ্জ | উত্তরণের উপায় |
|---|---|
| গ্যাসের চাহিদার বিপরীতে গ্যাস/RLNG সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিতকরণ। | পেট্রোবাংলার মাধ্যমে গ্যাস/RLNG সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিত করা । |
| মীরসরাই ইকোনমিক জোন এ গ্যাসের চাহিদার আলোকে গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ। | চাহিদা অনুযায়ী গ্যাস/RLNG সরবরাহ/প্রাপ্যতা পাওয়া গেলে মীরসরাই ইকোনমিক জোন এ পর্যাপ্ত গ্যাস সরবরাহ করা সম্ভব হবে। |
| কোম্পানির বিতরণ নেটওয়ার্কের পাইপলাইনসমূহ দীর্ঘ ব্যবহারজনিত কারণে ও লাইনের তুলনায় গ্রাহক প্রান্তে গ্যাসের চাহিদা দিন দিন বৃদ্ধি পাওয়ার পাশাপাশি ভবিষ্যৎ চাহিদার আলোকে পাইপ লাইন চিহ্নিতকরণ এবং পরিবর্তন/আপগ্রডেশনকরণ। | বিতরণ নেটওয়ার্কের পাইপলাইনসমূহ আপগ্রেডেশন প্রকল্পের মাধ্যমে পরিবর্তন করা হচ্ছে এবং ভবিষ্যতেও পাইপলাইনসমূহ পরিবর্তনের বিভিন্ন প্রকল্প গ্রহণ করা যেতে পারে। |
| গ্যাস নেটওয়ার্ক সিস্টেম ডিজিটালাইজেশন। | জাইকা কর্তৃক বাস্তবায়নাধীন "The Project for Gas Network System Digitalization & Improvement of Operational Efficiency in Gas Sector in Bangladesh" শীর্ষক প্রকল্পের মাধ্যমে গ্যাস নেটওয়ার্ক সিস্টেম ডিজিটালাইজেশনের কাজ চলমান রয়েছে। |
| কোম্পানির বৃহৎ গ্যাস স্থাপনাসমূহ (যেমন-ডিআরএস ও বাল্ক সিএমএস) দীর্ঘ ব্যবহারজনিত কারণে দক্ষতা হ্রাস পাওয়ার বিষয়টি চিহ্নিতকরণ, ক্ষমতা বৃদ্ধিকরণ ও আধুনিকরণসহ অটোমেশনের আওতায় নিয়ে আসা। | পেট্রোবাংলা কর্তৃক নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন "Consultancy Services for Implementing the Automation of Gas Transmission and Distribution Pipeline Networks Under Different Companies of Petrobangla" শীর্ষক প্রকল্পের মাধ্যমে গ্যাস স্থাপনাসমূহ অটোমেশনের আওতায় নিয়ে আসার কাজ চলমান রয়েছে। |
| গ্যাসের অপচয়রোধ ও আধুনিক বিলিং সিস্টেম চালুর লক্ষ্যে কোম্পানির সকল শ্রেণির গ্রাহকদের আঙ্গিনায় প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন। | ন্যাচারাল গ্যাস ইফিসিয়েন্সি প্রকল্পের আওতায় ৬০,০০০ সংখ্যক আবাসিক গ্রাহকের আঙ্গিনায় প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন করা হয়েছে। আরো এক লক্ষ প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া, কেজিডিসিএল-এর অবশিষ্ট আবাসিক গ্রাহকগণের আঙ্গিনায় ৪,৩৫,০০০ সংখ্যক প্রি-পেইড মিটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| কেজিডিসিএল এর গ্রাহকবৃন্দকে প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতায় আনতে আগ্রহী করা। | কেজিডিসিএল এর গ্রাহকবৃন্দকে প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতায় আনতে প্রথমেই গ্রাহকবৃন্দকে প্রি-পেইড মিটার সিস্টেম গ্রহণে আগ্রহী করে তুলতে হবে। এ লক্ষ্যে, প্রি-পেইড মিটারিং সিস্টেম সম্পর্কে গ্রাহকবৃন্দের সম্যক ধারণা বৃদ্ধি, |

| ভবিষ্যৎ চ্যালেঞ্জ | উত্তরণের উপায় |
|---|---|
| | প্রি-পেইড মিটারিং সিস্টেমের সুফল, ন্যায্যতা ভিত্তিতে গ্যাস ব্যাবহারের ক্ষেত্রে প্রি-পেইড মিটারিং সিস্টেমের ভূমিকা সম্পর্কে ব্যাপক ভিত্তিতে প্রচার প্রচারণা চালাতে হবে। এক্ষেত্রে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে জনসাধারণের জন্য একটি আদেশ জারী করা হলে গ্রাহকদের প্রি-পেইড মিটারিং সম্পর্কে আগ্রহী করে তোলা সহজতর হবে, যা সকল গ্রাহককে প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতায় আনতে সহায়ক ভূমিকা পালন করবে। |
| প্রি-পেইড মিটারসমূহের ব্যাটারি পরিবর্তন করা | স্থাপিত প্রি-পেইড মিটারসমূহে উন্নত মানের ব্যাটারি ব্যবহারের মাধ্যমে ব্যাটারির আয়ুষ্কাল বৃদ্ধি করা সম্ভব। এরপরও ব্যাটারির নির্ধারিত সময় শেষে একসাথে বিপুল সংখ্যক ব্যাটারি পরিবর্তনের প্রয়োজন হবে, যার জন্য ব্যাপক জনবলের প্রয়োজন পড়বে। এ লক্ষ্যে, পূর্ব থেকে প্রস্তুতি গ্রহণ করতে হবে এবং মিটারের ব্যাটারিসমূহ পরিপূর্ণভাবে নিঃশেষিত হওয়ার পূর্বে একটি নির্ধারিত সীমা অতিক্রম করলে পর্যায়ক্রমে মিটারের ব্যাটারিসমূহ পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| স্থাপিত প্রি-পেইড মিটারসমূহের মনিটরিং করা | সকল গ্রাহককে প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতায় আনা হলে ব্যাপক সংখ্যক প্রি-পেইড মিটার স্থাপিত হবে, যার মনিটরিং একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে। এ লক্ষ্যে, এতদসংক্রান্ত সংশ্লিষ্ট দপ্তরে দক্ষ জনবল বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়া, অপেক্ষাকৃত কম গ্যাস ব্যবহারকারী গ্রাহকদের আঙ্গিনা সরাসরি পরিদর্শনেরও প্রয়োজন পড়বে। |
| মিটারের আয়ুষ্কালের মধ্যে গ্যাস সরবরাহ নিশ্চিত করা | স্থাপিত প্রি-পেইড মিটারসমূহের আয়ুষ্কাল কমপক্ষে ১০ বছর ধরে মিটার ভাড়া আদায় করা হয়ে থাকে। মিটারের মূল্য ও স্থাপনের খরচ আদায় আদায়ের জন্য মিটারের নির্ধারিত আয়ুষ্কালের মধ্যে গ্রাহকের গ্যাস সরবরাহ নিশ্চিত করতে হবে। |

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

উপস্থাপিত প্রতিবেদনে আমি ২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরার চেষ্টা করেছি। বিগত সময়ে কোম্পানি বিভিন্ন ক্ষেত্রে যে সফলতা অর্জন করেছে তা সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর, বিভিন্ন অংশীজন, ব্যবসায়ী সমাজ এবং সর্বোপরি পেট্রোবাংলার সার্বিক সহযোগিতা এবং কোম্পানির সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারিদের কঠোর পরিশ্রম, দক্ষতা, আনুগত্য, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফলেই সম্ভব হয়েছে। এ জন্য আমি পরিচালকমন্ডলীর পক্ষ থেকে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-এর ১৪তম বার্ষিক সাধারণ সভায় যোগদান করার জন্য এবং ধৈর্য্য সহকারে ২০২২-২০২৩ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের ওপর প্রণীত পরিচালকমন্ডলীর প্রতিবেদন শোনার জন্য আমি উপস্থিত সবাইকে পুনরায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এ পর্যায়ে আমি কোম্পানির ২০২২-২০২৩ অর্থবছরের নিরীক্ষিত হিসাবসহ নিরীক্ষা প্রতিবেদন ও পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা ও গ্রহণের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণের সমীপে উপস্থাপন করছি।

পরিশেষে আমি কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-এর উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করছি। মহান আল্লাহ রাব্বুল আল-আমিন আমাদের সহায় হোন।

আল্লাহ হাফেজ।

(মোঃ নূরুল আলম)
সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।